

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর ২০১৭-২০১৮ অর্থবছরের গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

- বিএনসিইউ'র ই-নথি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ ই-নথি সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করে এবং বিএনসিইউ ২০১৭ সালের জুলাই মাস হতে ই-নথি কার্যক্রম শুরু করে। এর ধারাবাহিকতায় গত ১৩/০৮/২০১৭ তারিখে বিএনসিইউ'র সম্মেলন কক্ষে বিএনসিইউ'র ই-ফাইল লাইভ কার্যক্রমের উদ্বোধন করেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.। উক্ত অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আলমগীর ও অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।



চিত্রঃ বিএনসিইউ'র ই-ফাইল লাইভ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আলমগীর

- ২৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শিক্ষা মন্ত্রণালয়াদীন উভয় বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ইউনেস্কো ঢাকা অফিস ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর যৌথ উদ্যোগে Launching event of the Capacity Development for Education (CapEd) Programme in Bangladesh অনুষ্ঠিত হয়েছে। শিক্ষা সংক্রান্ত বিভিন্ন পর্যায়ের স্টেকহোল্ডারদের উপস্থিতিতে সেক্টরভিত্তিক পরিকল্পনা ও নীতিমালা তৈরীর মাধ্যমে বাংলাদেশে এসডিজি ৪ বাস্তবায়নের লক্ষ্যে এ প্রোগ্রামটির সূচনা হয়।

- ১৫ মে ২০১৮ তারিখ ইউনেস্কো, ঢাকা অফিস ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর যৌথ উদ্যোগে ইউনেস্কো কর্তৃক প্রকাশিত Global Education Monitoring Report 2017/8 এর মোড়ক উন্মোচন ও বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।



চিত্রঃ বিএনসিইউ'র কনফারেন্স রুমে অনুষ্ঠিত Launching of Global Education Monitoring Report 2017/8 প্রোগ্রামে মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. শিক্ষা মন্ত্রণালয়; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন; কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আলমগীর

- শিক্ষা সংক্রান্ত বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়। প্রতিবেদনাধীন অর্থবছরে শিক্ষা সংক্রান্ত অন্তত ২৭টি আঞ্চলিক ও আন্তর্জাতিক সভা/সেমিনার/কংগ্রেস/ফোরামে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেছেন।
- গত ২৩-২৪ জুলাই ২০১৭ তারিখে বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এর উদ্যোগে আইসেক্সোর সহযোগিতায় “National Training Workshop: ICT in Education for Madrasa Teachers” এর আয়োজন করা হয়। ট্রেনিং-এ দেশের বিভিন্ন স্থান হতে মাদ্রাসার ৩৫ জন শিক্ষক অংশগ্রহণ করেন। ট্রেনিং এর উদ্দেশ্য ছিল মাদ্রাসার শিক্ষকদের ICT সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি করা এবং শিক্ষা ক্ষেত্রে ICT কেন্দ্রিক জ্ঞানকে আরও বেশি কার্যকর করা।



চিত্রঃ বিএনসিইউ'র কনফারেন্স রুমে “National Training Workshop: ICT in Education for Madrasha Teachers” শীর্ষক ওয়ার্কশপে মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. শিক্ষা মন্ত্রণালয়; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন; কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ আলমগীর ।

- ২০১৭ সালের আক্টোবরে বাংলাদেশ প্রতিনিধিদল আইসেস্কো নির্বাহী বোর্ড সভায় অংশগ্রহণ করে । বিএনসিইউ এ সংক্রান্ত যাবতীয় বুদ্ধিবৃত্তিক ও সাচিবিক দায়িত্ব পালন করে ।

- বিএনসিইউ ও আইসেক্সোর যৌথ উদ্যোগে ২০১৮ সালের ২৫-২৭ জুন বিএনসিইউ'র কনফারেন্স রুমে “National Workshop on Future Crops for Food Security and Sustainability” শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। খাদ্য নিরাপত্তা, পুষ্টি, খাদ্যের ভেজাল দূরীকরণ, বাজারজাতকরণ ইত্যাদি নানা বিষয় নিয়ে ওয়ার্কশপে আলোচনা হয় এবং সমাধানের উপায় নিয়ে মতামত ব্যক্ত হয়। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ৩০ জন কর্মকর্তা এ ওয়ার্কশপে অংশগ্রহণ করেন।



চিত্রঃ ২৫-২৭ জুন বিএনসিইউ'র কনফারেন্স রুমে “National Workshop on Future Crops for Food Security and Sustainability” শীর্ষক ওয়ার্কশপে উপস্থিত কর্মকর্তাদের সাথে মাননীয় মন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. শিক্ষা মন্ত্রণালয়; মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন

- The Carlos J. Finlay UNESCO Prize for Microbiology-2017 এর জন্য সমীর কে সাহা (Ex-graduate of Department of Microbiology, Dhaka University and Executive Director of Child Health Research Foundation), ঢাকা চূড়ান্তভাবে নির্বাচিত হন।
- UNESCO-Japan Prize on Education for Sustainable Development 2018 এর জন্য প্রফেসর মোহাম্মদ আতাউর রহমান, পরিচালক, সেন্টার ফর গ্লোবাল এনভায়রনমেন্টাল কালচার

(সিজিইসি); গুড নেবরস, বাংলাদেশ এবং আহসানিয়া মিশন, ঢাকা এর মনোনয়ন আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।

- UNESCO Literacy Prize 2018 এর জন্য আহসানিয়া মিশন, ঢাকা কে মনোনয়ন দিয়ে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।
- Call for nominations for the 2018 UNESCO Prize for Girl's and Women's Education এর জন্য আহসানিয়া মিশন, ঢাকা কে মনোনয়ন দিয়ে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।
- UNESCO/ISED Co-Sponsored Fellowships Programme 2018 এর জন্য মোঃ সাজ্জাদ হোসেন, বৈজ্ঞানিক কর্মকর্তা, Bangladesh Council of Scientific & Industrial Research, Dhaka এবং বেগম সৈয়দা মায়েশা আজীম, Teaching Assistant-Physics, BRAC University, Dhaka কে মনোনয়ন দিয়ে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।
- UNESCO/Poland Co-Sponsored Fellowships Programme in Engineering Cycle-2018 এর জন্য জনাব সাফায়েত হোসেন, প্রোজেক্ট কোঅর্ডিনেটর, রেইন ফোরাম, ১১৩, কলাবাগান, ঢাকা কে মনোনয়ন দিয়ে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।
- UNESCO/KOICA Fellowship Programme 2018 এর জন্য ড. ইকবাল হায়দার, সহযোগী অধ্যাপক (রসায়ন) এন.সি.টি.বি. ঢাকা এবং ড. হাফেজা আজার, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন কে মনোনয়ন দিয়ে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।
- UNESCO/People's Republic of China (the Great Wall) Co-Sponsored Fellowships Programme 2017-2018 এর জন্য জনাব মোঃ রাকিবুল হাসানকে, ছাত্র, উদ্যানতত্ত্ব বিভাগ, মাস্টার্স, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা-১২০৭ মনোনয়ন দিয়ে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।

- ISESCO Prize for Literacy and Non-Formal Education (Non-Governmental Organizations and Civil Society Organizations) এর জন্য আহসানিয়া মিশন, ঢাকা কে মনোনয়ন দিয়ে আয়োজক সংস্থার নিকট প্রেরণ করা হয়।

- বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ‘ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার’-এ অন্তর্ভুক্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ‘ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার’-এ অন্তর্ভুক্তি দীর্ঘদিনের ধারাবাহিক প্রচেষ্টার ফল। এই প্রথম বাংলাদেশের কোন প্রামাণ্য ঐতিহ্য ‘ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার’-এ অন্তর্ভুক্ত হলো।

মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.র ঐকান্তিক আগ্রহে শিক্ষা মন্ত্রণালয়াদীন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) সর্বপ্রথম ২০০৯ সালের ১২ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ‘ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার’ হিসেবে ঘোষণার প্রস্তাব ইউনেস্কোতে প্রেরণের উদ্যোগ গ্রহণ করে। এ লক্ষ্যে শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. কর্তৃক ২৩ মার্চ ২০০৯ তারিখে স্বাক্ষরিত একটি সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৩০ মার্চ ২০০৯ তারিখে তা অনুমোদন করেন। পরবর্তীতে ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর অপর একটি প্রোগ্রাম ‘ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার’-এ অন্তর্ভুক্তির জন্য অধিকতর উপযোগী বলে প্রতীয়মান হয়। এরপর ২০১০ সালের ১৭ জানুয়ারি কোরিয়ান ইউনেস্কো জাতীয় কমিশন বিএনসিইউকে পত্র মারফত ইন্দোনেশিয়ার জাকার্তায় অনুষ্ঠিতব্য মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড সম্পর্কিত কর্মশালায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানায়। ১১-১৪ মার্চ ২০১১ তারিখে অনুষ্ঠিত উক্ত কর্মশালায় বিএনসিইউ ‘বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ’ এর ওপর প্রস্তুতকৃত খসড়া প্রস্তাব প্রেরণ করে। ২০১৩ সালে কম্বোডিয়ার রাজধানী নমপেন-এ অনুষ্ঠিত হয় পরবর্তী কর্মশালা। তাতে অংশগ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাষ্টি জনাব মফিদুল হককে মনোনীত করা হলে তিনি বাংলাদেশের প্রস্তাবটি নির্দিষ্ট ফরম্যাট অনুসারে সম্পন্ন করেন। পরবর্তীতে ২০১৬ সালের ৪-১৫ এপ্রিল তারিখে প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর ১৯৯তম নির্বাহী বোর্ডসভা চলাকালে শিক্ষা সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন এবং মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.র অনুমোদনক্রমে বিএনসিইউ পরিমার্জিত প্রস্তাবটি ইউনেস্কোতে জমাদানের লক্ষ্যে প্যারিসস্থ বাংলাদেশ দূতাবাসে প্রেরণ করে। তারপর প্যারিসস্থ বাংলাদেশ দূতাবাসের তৎকালীন মান্যবর রাষ্ট্রদূত জনাব এম. শহিদুল ইসলাম এবং ইউনেস্কো নির্বাহী বোর্ডে বাংলাদেশের প্রতিনিধি ড. কামাল আবদুল নাসের চৌধুরী এ কার্যক্রমকে এগিয়ে নিতে সহযোগিতা প্রদান করেন। ইউনেস্কো মহাপরিচালক মিজ ইরিনা বোকোভার সাথে মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি.র ব্যক্তিগত যোগাযোগ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাঙালি জাতির এ অসামান্য সাফল্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সাল থেকেই বিষয়টির ওপর বিশেষ গুরুত্বারোপ করে আসছিলেন এবং সময়ে সময়ে তিনি শিক্ষামন্ত্রীকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. ২০০৯ সাল থেকে বিএনসিইউ’র চেয়ারম্যান হিসেবে ইউনেস্কোর কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকায়

এবং ইউনেস্কোর ৩৮ ও ৩৯তম সাধারণ সম্মেলনের ভাইস-প্রেসিডেন্ট হওয়ার সুবাদে ইউনেস্কোর মহাপরিচালকসহ সংশ্লিষ্ট সকলের সাথে তাঁর নিবিড় যোগাযোগের ফলে চলমান প্রক্রিয়াটি কাজক্ষিত পরিণতির দিকে এগিয়ে যায়। ৩০ অক্টোবর ২০১৭ তারিখে মিজ বোকোভা ‘ইন্টারন্যাশনাল মেমোরি অব্ দ্য ওয়ার্ল্ড রেজিস্টার’ সংক্রান্ত নথিতে স্বাক্ষর করলে শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. তাৎক্ষণিকভাবে প্যারিস থেকে বিষয়টি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে টেলিফোনে অবহিত করেন। প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের আন্তর্জাতিক স্বীকৃতিতে সন্তোষ প্রকাশ করে শিক্ষামন্ত্রীরসহ বাংলাদেশ প্রতিনিধিদল, ইউনেস্কোর মহাপরিচালক মিজ ইরিনা বোকোভা এবং এ মহতী উদ্যোগের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

- ২০১৭ সালের নভেম্বর মাসে ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রাম ২০১৬-২০১৭ এর অধীন বাস্তবায়িত ০৭ টি প্রকল্পের বিল ভাউচার যাচাই-বাছাই করে ডিসেম্বর মাসে প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন ইউনেস্কোতে প্রেরণ করা হয়। ০৭ টি প্রকল্প নিম্নরূপঃ

SI No	Name of the Organization	Title of the Project	Approved Amount in US\$
01	EPAC Foundation 22/1, Road-2 Dhanmondi, Dhaka-1205	Conservation of Endangered Plants and Tackling Climate Change Impact Involving Secondary School Students	20,000
02	Proyas, Belepukur, Chapai Nawabganj	Saving Gambhira, an intangible cultural heritage of Bangladesh	26,000
03	National Curriculum and Text Book Board (NCTB) Dhaka	Study on nature of gender base violence in secondary school to develop STLM for school students to improve awareness	20,000
04	Zabarang Kalyan Samity, Khagraour, Khagrachari	Development of a Training Manual and Training the Teachers related to the mother	24,000

		Tongue Education in Chittagong Hill Tracts (CHT) in Bangladesh	
05	BANBEIS, Ministry of Education	Capacity Development of Government Secondary Schools of Bangladesh in Record Keeping, Compiling, Storing and Sharing Information of Educational Institutions	18,000
06	Dishery Legal Aid & Social Development, Noakhali	Preventing Cyber Violence against girls and women through Human Right Education in the Educational Institutions of Bangladesh	20,000
07	MANOSIKA	Facilitate Inclusive Education for Children with Disabilities	15,000